



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৭

১৬ পৌষ ১৪৩১

তারিখ: -----

৩১ ডিসেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## ব্যাংকের ব্যবসা কেন্দ্রসহ অন্যান্য স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত ০৫ জুলাই ২০১৫ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৭, ২১ মে ২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭ এবং এতদসংশ্লিষ্ট অন্যান্য সার্কুলার/ সার্কুলার লেটারসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে অগ্নিকাণ্ডের ঘটনায় জীবন, সম্পদ ও গুরুত্বপূর্ণ দলিলাদির ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হচ্ছে। এরূপ পরিস্থিতিতে তফসিলি ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্রসহ সকল স্থাপনার অগ্নিকাণ্ড প্রতিরোধের জন্য নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে:

২.১। ব্যাংকসমূহ তাদের ব্যবসা কেন্দ্রসহ অন্যান্য স্থাপনার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করবে। প্রয়োজনে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যাংকের নিরাপত্তা ব্যবস্থার ত্রুটি-বিচ্যুতি নিরূপণপূর্বক সুপারিশ প্রদানের জন্য নির্দিষ্ট বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠান নিয়োগ করবে।

২.২। স্মোক ও হিট ডিটেকশন সিস্টেম, ফায়ার এলার্ম ও অগ্নি নির্বাপন ব্যবস্থা কার্যকর রয়েছে কিনা তা পরীক্ষণপূর্বক অগ্নিকাণ্ড প্রতিরোধের জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবে:

২.২.১। স্মোক ও হিট ডিটেকশন সিস্টেম এবং ফায়ার এলার্ম কার্যকরকরণ;

২.২.২। ফায়ার হাইড্রেন্ট, স্প্রিংকলার হেড ও ফায়ার এক্সটিংগুইসার স্থাপন;

২.২.৩। অগ্নি নির্বাপন অনুশীলন/মহড়া আয়োজন এবং স্থানীয়ভাবে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন; এবং

২.২.৪। অগ্নি নির্বাপন ব্যবস্থা পরীক্ষণের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বা বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের মাধ্যমে সার্ভে করত তাদের সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।

২.৩। ব্যাংকের স্পর্শকাতর স্থানসমূহে (সার্ভার রুম ও প্রধান কার্যালয়ের আইটিসহ গুরুত্বপূর্ণ বিভাগসমূহ) বিশেষ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ব্যাংকের প্রধান কার্যালয়সহ শাখা অফিসসমূহের গুরুত্বপূর্ণ স্থানসমূহ সার্বক্ষণিক CCTV ক্যামেরায় পর্যবেক্ষণের আওতায় রাখতে হবে।

৩। এছাড়াও, ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭/২০২৩ এবং এতদসংশ্লিষ্ট অন্যান্য সার্কুলার/ সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)  
পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২